

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নারায়ণগঞ্জ
www.narayanganj.gov.bd

নং ১৭.০২.৬৭০০.০০০.৩৬.১০২.২৩-৩৩৩

তারিখ : ১৬.০৮.২০২৩ খ্রিঃ


খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা” অনুসারে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটির সুপারিশক্রমে অদ্য ১৬/০৮/২০২৩খ্রি. তারিখে নারায়ণগঞ্জ জেলার ৫টি আসনের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণের জন্য সর্বসাধারণের জ্ঞাতার্থে খসড়া ভোটকেন্দ্রের তালিকা এতদসংগে প্রকাশ করা হলো। প্রকাশিত ভোটকেন্দ্রের তালিকার উপর নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হবেঃ

ক্র. নং	কার্যক্রমের বিবরণ	তারিখ
(১)	খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ	৩১ আগস্ট ২০২৩
(২)	প্রাপ্ত দাবী/ আপত্তির নিষ্পত্তির শেষ তারিখ	১১ সেপ্টেম্বর ২০২৩
(৩)	খসড়া ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তকরণের তারিখ	১৭ সেপ্টেম্বর ২০২৩

২। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা অত্র কার্যালয়, জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডসহ উক্ত কার্যালয়সমূহে অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে। এছাড়াও ec.narayanganj.gov.bd এর ওয়েব সাইটে খসড়া ভোটকেন্দ্রের তালিকা পাওয়া যাবে।

৩। খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর যে কোন দাবী/আপত্তি/পরামর্শ/মতামত জেলা নির্বাচন অফিসারের কার্যালয় অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে আগামী ৩১/০৮/২০২৩খ্রি. তারিখের মধ্যে যথাযথ প্রমাণাদিসহ দাখিল করতে হবে। অসম্পূর্ণ/নির্ধারিত সময়ের পরে কোন প্রকার দাবী/আপত্তি গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত আবদনের শুনানী যথাসময়ে জানিয়ে দেয়া হবে।


(মোহাম্মদ মাহমুদুল হক)
জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ


ও
আস্থায়ক
জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি
ফোন-০২-৪২৬৫০৬৬৪

নং ১৭.০২.৬৭০০.০০০.৩৬.১০২.২৩-৩৩৩

তারিখ : ১৬.০৮.২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, আইডিইএ-২/ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ও আস্থায়ক, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি, জাতীয় সংসদ নির্বাচন।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ৭। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), নারায়ণগঞ্জ ও আস্থায়ক, উপজেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি, জাতীয় সংসদ নির্বাচন।
- ১০। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ। (খসড়া ভোটকেন্দ্রের তালিকা ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ১১। উপজেলা নির্বাচন অফিসার,(সকল), নারায়ণগঞ্জ ও সদস্য-সচিব, উপজেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি, জাতীয় সংসদ নির্বাচন।
- ১২। সহকারী প্রোগ্রাম, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। নোটিশ বোর্ড,


২৩/০৮/২০২৩
(কাজী মোঃ ইস্তাফিজুল হক আকন্দ)
জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ

ও
সদস্য-সচিব
জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি
ফোন-০২-২২৪৪২৭৩৮৪